

স্থায়ী জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতির সেবা

সেবা প্রাপ্তির সংক্ষিপ্ত বিবরণ	সেবাগ্রহীতার রেজিস্ট্রেশন করা হয়। সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় শারীরিক পরীক্ষা-নিরীক্ষা করা হয়। উপযুক্ত সেবাগ্রহীতাকে ব্যথামুক্ত অপারেশন করা হয়। অপারেশনের পর বিশ্রামে রাখা হয়। অতঃপর স্বাস্থ্য পরীক্ষার পর পরামর্শ প্রদানপূর্বক বাড়ি যেতে দেওয়া হয়।
সেবা প্রাপ্তির সময়	উপযুক্ত সেবাগ্রহীতার ক্ষেত্রে সেবা কেন্দ্রে আগমনের দিনেই সেবাদান প্রক্রিয়া সম্পন্ন করা হয়। মহিলা স্থায়ী পদ্ধতির ক্ষেত্রে সেবাদান প্রক্রিয়ায় মোটামুটি ৪ থেকে ৬ ঘণ্টা সময় লাগে। পুরুষ স্থায়ী পদ্ধতির ক্ষেত্রে সেবাদান প্রক্রিয়ায় মোটামুটি ২ ঘণ্টা সময় লাগে।
প্রয়োজনীয় ফি	বিনামূল্যে এই সেবা প্রদান করা হয়, সেবা গ্রহীতাকে কোন অর্থই খরচ করতে হয় না। তদুপরি, স্থায়ী পদ্ধতির ক্ষেত্রে সেবা গ্রহীতাকে ২০০০/- টাকা ক্ষতিপূরণ ভাতা এবং একখানা শাড়ী/ লুংগি প্রদান করা হয়। এছাড়া পার্শ্বপ্রতিক্রিয়া বা জটিলতা হলে তার যাবতীয় ব্যয়ভার ও সরকার বহন করে।
সেবা প্রাপ্তির স্থান	১. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স; ২. মা ও শিশু কল্যাণ কেন্দ্র, ৩. মোহাম্মদপুর ফার্মিটি সার্ভিসেস অ্যান্ড ট্রেনিং সেন্টার ৪. মাতৃ ও শিশুস্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান ৫. বেসরকারি সংস্থার ক্লিনিক
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	১. মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), ২. মেডিকেল অফিসার ক্লিনিক/ সহকারী সার্জন
প্রয়োজনীয় কাগজপত্র	জাতীয় পরিচয়পত্র/ জন্মসনদ/নাগরিকত্ব সনদ এবং চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র (যদি থাকে)
সেবা প্রাপ্তির শর্তাবলি	কমপক্ষে দুটি সন্তান থাকতে হবে, দুই সন্তানের ক্ষেত্রে ছোট সন্তানের বয়স কমপক্ষে দুই বছর হতে হবে
সংশ্লিষ্ট আইন ও বিধি	পরিবার পরিকল্পনা অধিদপ্তরের “পরিবার পরিকল্পনা ম্যানুয়াল” মোতাবেক।
সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা	পরিবার কল্যাণ পরিদর্শিকার ক্ষেত্রে মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) এর কাছে অভিযোগ করতে হবে।